


“ আমরা ব্লুটুথ আর
শেয়ারইট মাধ্যমে
বিভিন্ন জিনিস শেয়ার করি,
যেমন সংবাদ, খেলাধুলার ক্লিপ,
ও গানের ভিডিও ।”

- রোহিঙ্গা সম্প্রদায়ের একজন পুরুষ

দ্বিতীয় পৃষ্ঠায় ক্যাম্পের মোবাইল অ্যাক্সেস
এবং ডিজিটাল আচরণের বাস্তবতা বিস্তারিত ।



ঘূর্ণিঝড়

তুয়ান

তুয়ান

তৃতীয় পৃষ্ঠায় জেনে নিন ক্যাম্পের
মধ্যে আবহাওয়া বিষয়ক তথ্য কিভাবে
যোগাযোগ করা যায় ।



যা জানা জরুরী

মানবিক সহায়তার ক্ষেত্রে পাওয়া মতামতের বুলেটিন

ইস্যু ১ × বুধবার, ২৬ ফেব্রুয়ারী ২০১৮

বিবিসি মিডিয়া অ্যাকশন, ইন্টারনিউজ এবং ট্রান্সলেটর্স উইদাউট বর্ডার্স মিলিতভাবে রোহিঙ্গা সংকটে ক্ষতিগ্রস্ত জনসাধারণের কাছ থেকে মতামত সংগ্রহ এবং সংকলনের কাজ করছেন । এই ছোট রিপোর্টটির উদ্দেশ্য হল রোহিঙ্গা এবং আশ্রয়দাতা (বাংলাদেশী) সম্প্রদায়ের থেকে পাওয়া মতামতগুলির সারাংশ বিভিন্ন বিভাগগুলিকে দেওয়া, যাতে তারা কমিউনিটিগুলির চাহিদা এবং পছন্দ-অপছন্দের বিষয়টি মাথায় রেখে ত্রাণের কাজ আরও ভালোভাবে পরিকল্পনা এবং বাস্তবায়ন করতে পারে ।

এই সমস্ত তথ্য ক্ষতিগ্রস্ত মানুষজনদের সাথে কথাবার্তা বলে, কমিউনিটি ফোকাস গ্রুপে আলোচনা করে এবং বাংলাদেশ বেতার ও রেডিও নাফে লাইভ রেডিও অনুষ্ঠানে শ্রোতাদের ফোন করে জানানো মতামত থেকে সংগ্রহ করা হয়েছে ।

এই কাজটি IOM, জাতিসংঘ অভিবাসন সংস্থার সহযোগিতায় সম্পন্ন করা হচ্ছে এবং এটির অর্থসংস্থান করছে ইউকে ডিপার্টমেন্ট ফর ইন্টারন্যাশনাল ডেভেলপমেন্ট ।



গুজবের গতিবিধি পর্যবেক্ষণ

মানবিক সংকটে গুজব খুব দ্রুত ছড়িয়ে পড়ে যার ক্ষতিকর প্রভাব থাকতে পারে । এই কারণে ইন্টারনিউজ গুজবের গতিবিধি পর্যবেক্ষণের একটি পদ্ধতি তৈরি করেছে যেটি আগে লাইবেরিয়াতে ইবোলা রোগের মহামারী চলাকালীন, নেপালে গোর্খা ভূমিকম্পের পরে, হাইতিতে ম্যাথিউ ঘূর্ণিঝড়ের পরে এবং ভূমধ্যসাগরীয় উদ্বাস্তুদের সহায়তার সময়ে বাস্তবায়িত হয়েছিল । রোহিঙ্গা সহায়তার ক্ষেত্রে আমাদের গুজবের গতিবিধি পর্যবেক্ষণ ট্রান্সলেটর্স উইদাউট বর্ডার্স (TWB) এবং বিবিসি মিডিয়া অ্যাকশনের যৌথ প্রচেষ্টার একটি অংশ, যাতে বিভিন্ন বিভাগ এবং সংস্থাগুলির থেকে মতামত সংগ্রহ করা ও সাড়া দেওয়া হয়, এবং এর মাধ্যমে কমিউনিটিগুলিকে মানবিক সহায়তার কেন্দ্রবিন্দুতে রাখা হয় । এই গুজবগুলি রোহিঙ্গা সম্প্রদায়ের থেকে কমিউনিটির সংবাদদাতাদের সাহায্যে এবং মাঠ কর্মীদের সাথে বিভিন্ন সংস্থাগুলির একটি নেটওয়ার্কের মাধ্যমে সংগ্রহ করা হবে । আমরা যাতে তথ্যগুলোকে খর্ব না করি, তা নিশ্চিত করার জন্য এই গুজবগুলিকে নিয়ে রোহিঙ্গা ভাষায় অডিও প্রোগ্রাম বানানো হবে, এবং স্পিকারের সাহায্যে, শ্রোতাদের দলের মাধ্যমে এবং হয়তো... আপনাদের সাহায্যেও সেগুলি ক্যাম্পগুলির মধ্যে ছড়িয়ে দেওয়া হবে ।




আপনি যদি গুজবের গতিবিধি পর্যবেক্ষণের প্রকল্পে যোগ দিতে চান তাহলে ইন্টারনিউজের প্রকল্প প্রধান: ভিভিয়ান লুসিয়া ফুকের সাথে vfLuck@internews.org ইমেলে যোগাযোগ করুন ।



এই ছোট ফিলাটিতে এই সংকটে রোহিঙ্গা এবং আশ্রয়দাতা উভয় সম্প্রদায়ের মধ্যে যারা সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত হয়েছেন তাদের বক্তব্য এবং মতামত তুলে ধরা হয়েছে:








[http://www.shongjog.org.bd/
resources/i/?id=42c601d2-2001-
499f-a2ab-5f0088a3bc10](http://www.shongjog.org.bd/resources/i/?id=42c601d2-2001-499f-a2ab-5f0088a3bc10)

রোহিঙ্গা সম্প্রদায়ের মধ্যে মোবাইল ফোনের সহজলভ্যতা:

-  রোহিঙ্গা মহিলাদের তুলনায় রোহিঙ্গা পুরুষদের কাছে মোবাইল ফোন অনেক বেশি সহজলভ্য।
-  বেশিরভাগ মানুষ রবি নেটওয়ার্ক ব্যবহার করেন কারণ ক্যাম্পগুলিতে এটির কভারেজ সবচেয়ে ভালো।
-  রোহিঙ্গা সম্প্রদায়ের বেশিরভাগ মানুষ ফিচার ফোন ব্যবহার করেন, যেগুলিতে ইন্টারনেট ব্যবহার করা যায় এবং গান সেভ ও চালানো যায়। এছাড়া কিছু মানুষ স্মার্টফোন ব্যবহার করেন।

-  স্থানীয় দোকানগুলির সামনে মানুষের লম্বা লাইন দেখা যায় যেখানে রোহিঙ্গা সম্প্রদায়ের লোকজন প্রতিবার প্রায় বাংলাদেশী ১০ টাকায় তাদের ফোন সম্পূর্ণভাবে রিচার্জ করতে পারেন।
-  রোহিঙ্গা মহিলাদের পক্ষে তাদের ফোন রিচার্জ করা কষ্টকর, কারণ ক্যাম্পের মধ্যে তাদের চলাফেরা অত্যন্ত সীমাবদ্ধ।

মোবাইল ফোনের ব্যবহার

-  মহিলা এবং পুরুষরা তাদের ফোন সাধারণত সন্ধ্যাবেলা কল করার জন্য ব্যবহার করেন।
-  মহিলারা 'ওয়াজ' (ধর্মীয় উপদেশ) শোনার জন্যেও ফোন ব্যবহার করেন।
-  রোহিঙ্গা সম্প্রদায়ের মহিলারা তাদের ধর্মীয় বিশ্বাসের কারণে মোবাইলে এমন মিডিয়া কনটেন্ট দেখা পছন্দ করেন না যা বেশি বিনোদনমূলক।
-  কিছু পুরুষ সংবাদ এবং বিনোদনমূলক অনুষ্ঠান দেখার জন্য তাদের মোবাইল ফোন ব্যবহার করেন। রোহিঙ্গা পুরুষরা বিভিন্ন "অ্যাপ" সম্পর্কে জানেন- হোয়াটসঅ্যাপ, ভাইবার, ইউটিউব, জেভা, জেভার এবং আই.এম.ও, এই সব অ্যাপ উল্লেখ করা হয়েছে।
-  ফোনের ব্যাটারির চার্জ বাঁচানোর জন্য মানুষজন সাধারণত অ্যাপ ব্যবহার করেন না এবং ফোনে কোনও কনটেন্ট শোনে না বা দেখেন না।



অফলাইনে কন্টেন্ট দেখা/ শোনা



আশ্রয়দাতা সম্প্রদায় এবং রোহিঙ্গা সম্প্রদায়ের মানুষজন সাধারণত একই দোকান থেকে তাদের ফোনের মেমরি কার্ডে কন্টেন্ট লোড করে রাখেন, তাই তারা তাদের মোবাইলে বেশিরভাগ যা দেখেন/শোনে তা একই।



বেশিরভাগ মানুষ এবং শেয়ারইট সম্পর্কে জানেন। পুরুষদের সেগুলি ব্যবহার করার সম্ভাবনা বেশি।



“ কাজের ফাঁকে আমরা প্রার্থনা করি আর পাড়া-পড়শিদের সাথে গল্প করি, সেটাই আমাদের একমাত্র বিনোদন।”

- রোহিঙ্গা সম্প্রদায়ের একজন মহিলা

স্থানীয় সম্প্রদায়কে আবহাওয়া সম্পর্কে জানানো

বৃহত্তর বঙ্গীয় অঞ্চলের আবহাওয়ার গতিপ্রকৃতি খুব সম্ভবত কল্লবাজারের উদ্বাস্ত জনসাধারণ এবং আশ্রয়দাতা সম্প্রদায়কেও প্রভাবিত করবে। এই সম্প্রদায়গুলির মধ্যে বিভিন্ন ভাষাভাষীর মানুষজন রয়েছেন। যারা অনেক বছর ধরে এখানে আছেন এবং যারা সম্প্রতি এসেছেন এমন রোহিঙ্গা উদ্বাস্তরা, এবং সেই সাথে স্থানীয় চাটগাঁইয়া জনসাধারণ এই অঞ্চলের আবহাওয়ার গতিপ্রকৃতি সম্পর্কে জানানো। কিন্তু তারা যেভাবে আবহাওয়ার ঘটনাগুলিকে বর্ণনা করেন তা ভিন্ন। তাদের আবহাওয়ার গতিপ্রকৃতির ঝুঁকি এবং পরিণামের সম্পর্কে সঠিক এবং সম্পূর্ণভাবে জানানোর জন্য এখানকার প্রচলিত বিভিন্ন ভাষার পার্থক্য সম্পর্কে সহায়তাকারী সংস্থাগুলির জানা প্রয়োজন। এই বিষয়টি ক্যাম্পের বর্তমান পরিস্থিতির ক্ষেত্রে খুবই গুরুত্বপূর্ণ; যোগাযোগ এবং তথ্য বিনিময়ের ভাষা ও পদ্ধতিকে ক্যাম্পগুলিতে থাকা সম্প্রদায়ের উপযুক্ত করে তুলতে হবে।

পাশের ছবিগুলিতে নির্দিষ্ট কিছু আবহাওয়া এবং শারীরিক ঝুঁকি সংক্রান্ত ভাষাগত মিল এবং ভিন্নতা তুলে ধরা হয়েছে। এখানে উল্লেখ করা কিছু শব্দ শুধুমাত্র রোহিঙ্গা ভাষাতেই দেখা যায় এবং সেই কারণে সেই শব্দগুলি বাংলা ভাষাভাষীদের পক্ষে বোঝা কঠিন। চাটগাঁইয়া ভাষাটি বাংলা এবং রোহিঙ্গা ভাষার মধ্যে একটি যোগসূত্রের কাজ করে কারণ এতে উভয় ভাষারই কিছু শব্দ এবং ব্যাকরণ ব্যবহৃত হয়।

বাংলাদেশীরা সাধারণত ছয়টি ঋতুর সাথে পরিচিত; কিন্তু রোহিঙ্গারা তিনটি ঋতুর সাথে: শীত, গরমকাল এবং বর্ষা। দুটি সম্প্রদায়ই আসন্ন গরমকাল নিয়ে খুব বেশি আশঙ্কায় আছেন কারণ গরমকালে অতিরিক্ত গরম আবহাওয়া, কালবৈশাখী এবং ঘূর্ণিঝড় হতে দেখা যায়। এই ঋতুতে গরমের কারণে যে শারীরিক সমস্যাগুলি দেখা দেয় তার মধ্যে রয়েছে ডায়রিয়া এবং হিট স্ট্রোক।

কালবৈশাখী: স্থানীয় ঝুঁকি

এপ্রিল মাস থেকে জুন মাসের শুরু পর্যন্ত যে প্রবল ঝড় হতে দেখা যায় তাকে বাংলা ভাষায় কালবৈশাখী এবং রোহিঙ্গা ভাষায় ধুইল্যা ঝাটকা বলা হয়। এই প্রচণ্ড গতি ও বিধ্বংসী ঝড়গুলো সাধারণত ভূমির উপর তৈরি হয়, এবং কয়েক ঘণ্টার মধ্যে থেমে যায়। এগুলি খুবই সীমিত জায়গা জুড়ে হয় এবং এগুলি ঘূর্ণিঝড়ের থেকে আলাদা। এই অঞ্চলের মানুষজন এই ঝড়গুলি নিয়ে খুবই আশঙ্কায় থাকেন যা এই ভাষাগুলিতে থাকা ঝড়ের অন্যান্য নামগুলি থেকে বোঝা যায়।

আঞ্চলিক আবহাওয়া কালবিভাগ এবং পরিভাষা

	 Summer/Heat Wave মধ্য মার্চ - মধ্য জুন	 Storm/Cyclone এপ্রিল - জুন	 Monsoon মধ্য জুন - সেপ্টেম্বর	 Cyclone অক্টোবর - ডিসেম্বর
বাংলা	গরম কাল গরম হাওয়া	কালবৈশাখী ঘূর্ণিঝড়	বর্ষা	ঘূর্ণিঝড়
চাটগাঁইয়া	গরম হাল গরমর তাফ	হালবৈশেখি তুয়ান	বারিষে	তুয়ান
রোহিঙ্গা	গরম হাল গরমর তেজ	ধুইল্যা ঝাটকা তুয়ান	বারিষে	তুয়ান

প্রাকৃতিক এবং শারীরিক ঝুঁকি সংক্রান্ত পরিভাষা

	 Dehydration	 Hail Storm	 Flood
বাংলা	শরীরে পানি কমে যাওয়া	শিলা বৃষ্টি	বন্যা
চাটগাঁইয়া	গা'র ফানি ফু'অন	ঈল ফরন	বোনে
রোহিঙ্গা	গা'তুন ফানি হমন	বরক জর	ঢলর ফানি